

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 07 April, 2025

চট্টগ্রাম নগরীর জিইসি মোড়ে কেএফসি রেস্টোঁরা এবং কোকাকোলার সাইনবোর্ড সম্বলিত একটি ভবনে ইট-পাটকেল এবং জুতা নিষ্ক্ষেপ করেছে বিক্ষুব্ধ শিক্ষার্থী ও সাধারণ জনতা। এতে ওই রেস্টোঁরা এবং ভবনের সামনের অংশের কাঁচ ভেঙে যায়। এ ঘটনায় কেউ আহত হয়েছেন কিনা-তাৎক্ষণিকভাবে তা জানা যায়নি।

সোমবার (৭ এপ্রিল) বিকেল সোয়া ৪টার দিকে ফিলিস্তিনের মুসলমানদের ওপর হামলার প্রতিবাদে ইসরাইলবিরোধী কয়েকটি বিক্ষোভ মিছিল থেকে এই ইট-পাটকেল ছোঁড়া হয়।

জানা গেছে, ফিলিস্তিনের গাজায় গণহত্যার প্রতিবাদে সোমবার (৭ এপ্রিল) বিশ্বব্যাপী হরতাল পালনের আহ্বান জানিয়েছেন নিপীড়িত গাজাবাসী। গণহত্যা বন্ধের দাবিতে বিশ্বের সব দেশে একযোগে ‘নো ওয়ার্ক, নো স্কুল’ কর্মসূচি পালিত হচ্ছে। সেই কর্মসূচির অংশ হিসেবে চট্টগ্রামেও সকাল থেকে বিভিন্ন স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, সংগঠন ও রাজনৈতিক দল গণহত্যার প্রতিবাদে বিক্ষোভ করছে।

বিকেল সাড়ে ৩টার দিকে নগরীর দুই নম্বর গেট বিপ্লব উদ্যানের সামনে থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ইনকিলাব মঞ্চ ও হেফাজত ইসলামের পাঁচলাইশ থানা শাখার উদ্যোগে খণ্ড খণ্ড বিক্ষোভ মিছিল জিইসির দিকে রওয়ানা হয়। এতে সাধারণ মানুষসহ হাজারেরও বেশি শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

বিকেল সোয়া ৪টার দিকে মিছিলটি নাসিরাবাদ অতিক্রম করার পরই সানমার ওশান সিটি শপিংমল সংলগ্ন কেএফসি রেস্টোঁরার সামনে থেমে যায়। একপর্যায়ে মিছিল থেকে জুতা ও ইট-পাটকেল নিষ্ক্ষেপ করা হয়। এতে রেস্টোঁরার সামনের অংশের কাঁচ ভেঙে চুরমার হয়ে যায়। তবে ভেতরে কেউ ছিল কিনা, সে বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি।

বিকেল সাড়ে ৪টার দিকে মিছিলটি কেএফসি রেস্টোঁরার সামনে থেকে অগ্রসর হয়ে জিইসি মোড় ঘুরে দুই নম্বর গেইটের দিকে যায়। এরপর আবারও জিইসি মোড়ে হোটেল জামান সংলগ্ন পাঁচলাইশ ট্রাফিক পুলিশ পরিদর্শকের কার্যালয়ের উপরে থাকা ‘কোকাকোলা’র সাইনবোর্ডে ইট-পাটকেল নিষ্ক্ষেপ করে বিক্ষুব্ধ জনতা। এ সময় ওই ভবনের কাঁচও ভেঙে পড়ে যায়। এরপর সেখানে কিছুক্ষণ অবস্থানের পর মিছিলটি দুই নম্বর গেট অভিমুখে যাত্রা করে।

মিছিলে অংশগ্রহণকারীরা এ সময় ‘তেরা মেরা রিশতা কেয়া, লা ইলাহা ইল্লাল্লাহ’, ‘নারায়ে তাকবীর, আল্লাহু আকবর’, ‘উই ওয়ান্ট জাস্টিস’, ‘আমার ভাই মরলো কেন, জাতিসংঘ বিচার চাই’, ‘বয়কট বয়কট, ইসরাইল বয়কট’, ‘আমেরিকার গালে গালে, জুতা মারো তালে তালে’, ‘ইহুদিদের গালে গালে, জুতা মারো তালে তালে’, ‘ইসরাইলের চামড়া তুলে নেব আমরা’, ‘ওয়ান টু থ্রি ফোর, জেনোসাইড নো মোর’, ‘ইসরাইল না ফিলিস্তিন, ফিলিস্তিন ফিলিস্তিন’ এসব স্লোগান দেন।

উল্লেখ্য, ফিলিস্তিনের গাজায় গণহত্যার প্রতিবাদে সোমবার বিশ্বব্যাপী হরতাল পালনের আহ্বান জানিয়েছে নিপীড়িত গাজাবাসী। গণহত্যা

বন্ধের দাবিতে বিশ্বের সব দেশে একযোগে 'নো ওয়ার্ক নো স্কুল' কর্মসূচি অর্থাৎ সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি অফিস, আদালত বন্ধ রাখার আহ্বান জানিয়েছেন তারা। এরই অংশ হিসেবে আজ সারাদেশে এই কর্মসূচি পালনে সড়কে নেমেছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ ও সাধারণ মানুষ।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 07:37

URL: <https://timestodaybd.com/chittagong/231465451>